

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
ঢাকা জেলা কার্যালয়
ই-১৬, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd


স্মারক নং- ২২.০২.২৬০০.১৩৭.২৩.০০৮.২৬ ২৪৭

২০/০২/১৪৩৩বঙ্গাব্দ
তারিখঃ-----।
২৪/০৫/২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ পরিবেশ অধিদপ্তর কর্তৃক বিশ্ব পরিবেশ দিবস ২০২৬ উদযাপন উপলক্ষে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার মাঠে অনুষ্ঠিতব্য পরিবেশ মেলায় স্টলের জন্য দরখাস্ত আহ্বান।

বিশ্ব পরিবেশ দিবস ২০২৬ উদযাপন উপলক্ষে পরিবেশ অধিদপ্তর কর্তৃক শেরে বাংলা নগর, ঢাকার আন্তর্জাতিক বাণিজ্য মেলার মাঠে ৭ (সাত) দিনব্যাপী পরিবেশ মেলার আয়োজন করা হবে। উক্ত মেলায় পরিবেশ বিষয়ক সচেতনতা বৃদ্ধিতে বিভিন্ন গবেষণা ও প্রকাশনা, পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ, জ্বালানী সাশ্রয়সহ পরিবেশ সংশ্লিষ্ট বিভিন্ন প্রযুক্তি এবং জীববৈচিত্র্য, প্রকৃতি ও পরিবেশ সংরক্ষণে বিভিন্ন উদ্যোগ ও উদ্ভাবনীকে জনগণের কাছে তুলে ধরার জন্য আগ্রহী সকল প্রতিষ্ঠানকে নির্মিত স্টলে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো যাচ্ছে।

- ০২। এ লক্ষ্যে পরিবেশ মেলায় অংশগ্রহণ করার জন্য আগ্রহী প্রতিষ্ঠান/সংস্থার নিকট হতে নিজস্ব প্যাডে নিম্নবর্ণিত তথ্যসহ আবেদন পত্র নিম্নস্বাক্ষরকারী বরাবরে আগামী ১০/০৬/২০২৬ তারিখ রোজ বুধবারের মধ্যে দাখিল করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। আবেদন পত্রে যে সকল তথ্যাদি প্রদান করতে হবেঃ
- ক) ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থার নাম, খ) পূর্ণাঙ্গ ঠিকানা, গ) প্রদর্শনীর বিষয়, ঘ) মেলার সময় স্টল পরিচালনাকারী ২(দুই) জন প্রতিনিধি/ব্যক্তির তথ্য: নাম, পিতার নাম, মোবাইল নম্বর, স্থায়ী ও বর্তমান ঠিকানা, স্ট্যাম্প সাইজের ২(দুই) কপি ছবি এবং জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, চ) বিশেষ প্রয়োজনে যোগাযোগ করা যাবে এমন ব্যক্তির নাম, ঠিকানা, ফোন/মোবাইল নম্বর, ছ) প্রতিষ্ঠান প্রধানের নাম ও ফোন/ মোবাইল নম্বর।
- ০৩। প্রাপ্ত আবেদনপত্রসমূহ মেলা কমিটি যাচাই বাছাইয়ের পর উপযুক্ত প্রতিষ্ঠান/সংস্থাসমূহের একটি তালিকা অধিদপ্তরের নোটিশ বোর্ড এবং [Website\(www.doe.gov.bd\)](http://Website(www.doe.gov.bd)) এ প্রকাশ করা হবে এবং নির্বাচিত প্রতিষ্ঠান/সংস্থাকে ১৪৪১২৯৯ নম্বর কোডে ৮' * ৮' = ৬৪' বর্গফুট স্টলের জন্য ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ট্রেজারি চালানোর মাধ্যমে জমা প্রদান করতে হবে।
- ০৪। নির্বাচিত প্রতিষ্ঠান/ সংস্থা কর্তৃক উল্লিখিত ফি ট্রেজারী চালানোর মাধ্যমে জমাপূর্বক চালানোর মূলকপি কমিটির নিকট দাখিলের পর চূড়ান্তভাবে স্টলের বরাদ্দপত্র প্রদান করা হবে। বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানকে অবশ্যই নির্ধারিত সময়ের মধ্যে স্টলে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- ০৫। নির্বাচিত প্রতিষ্ঠান/সংস্থাকে মেলা কমিটি কর্তৃক প্রদত্ত শর্তানুসারে মেলায় অংশগ্রহণ করতে হবে।
- ০৬। কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ০৭। মেলা শুরুর দুই দিন পূর্বে আবশ্যিকভাবে স্টলের সকল কাজ সম্পন্ন করতে হবে। নিরাপত্তার স্বার্থে অনাবশ্যিক কর্মচারীদের মেলার স্টলে রাখা যাবে না।


পরিচালক (ঢাকা অঞ্চল)

ও

আহ্বায়ক

পরিবেশ মেলা আয়োজন কমিটি-২০২৬

ফোনঃ ০২২২৩৩৭৫০৬৫

E-mail: dhakaregion@doe.gov.bd